

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ২১৫-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭১-আইন/২০০৯ রহিতক্রমে, বাস, মিনিবাস, কোষ্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাঙ্কি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্বারা আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

(ক) যদি উক্ত করদাতা উক্তবৃূপ বাস, মিনিবাস, কোষ্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাঙ্কি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ—

ক্রমিক	যানবাহনের বিবরণ	প্রদেয় আয়কর (টাকায়)
(১)	(২)	(৩)
(ক)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	১৬,০০০
(খ)	৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য	১১,৫০০

( ১৮৭০৫ )

মূল্য : টাকা ৮.০০

(১)	(২)	(৩)
(গ) তাপানুকূল লাঙ্গারী বাস প্রতিটির জন্য	৩৭,৫০০	
(ঘ) দেওতলা বাস প্রতিটির জন্য	১৬,০০০	
(ঙ) তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য	১৬,০০০	
(চ) অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য	৬,৫০০	
(ছ) কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য	২৪,০০০	
(জ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	১৬,০০০	
(ঝ) দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্রাংক-লরী প্রতিটির জন্য	৯,৫০০	
(ঝঃ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রীবহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য	৮,০০০	
(ট) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য	১১,৫০০	
(ঠ) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য	৮,০০০	

- (খ) দফা (ক) এ বর্ণিত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা এক হাজার ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে উক্ত যানবাহনে বিনিয়োগকৃত অর্থ করমুক্ত থাকিবে;
- (গ) দফা (ক) ও (খ) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর অঞ্চলের আয়কর কোডে জমা প্রদান করিতে হইবে;
- (ঘ) বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর ফিটনেস নবায়নের তারিখ উক্তীগ হইবার পূর্বে দফা (ক) এ বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে;
- (ঙ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্দিষ্ট খাতে নির্ধারিত হারে আয়কর জমা প্রদান করিয়া সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট হইতে অনুমিত আয়কর পরিশোধ সনদ সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না;

- (চ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারী বাস, মিনিবাস, কোষ্টার, ট্যাক্সিক্যাব, প্রাইম্যুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে অর্জিত আয় প্রদত্ত আয়করের অনুপাতে তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এই খাত হইতে রিটার্নে প্রদর্শিত আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের অনুপাতে নিরূপিত আয়ের চেয়ে বেশী হইলে অতিরিক্ত আয়ের জন্য শিডিউলে বণিত হারে আয়কর প্রদান করিতে হইবে; এবং
- (ছ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**Bangladesh Tax Update**  
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মোশাররফ হোসেন ভুইয়া, এনডিসি  
সিনিয়র সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
ও  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd